

প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা

২২ নভেম্বর শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা আগামী ২২ নভেম্বর শুরু হবে। পরীক্ষা চলবে ২৯ নভেম্বর পর্যন্ত। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা রবীন্দ্রনাথ রায় গতকাল বুধবার বিষয়টি নিশ্চিত করেছেন। প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষার জাতীয় স্থিয়ারিং কমিটির সভায় এ বিষয়ে সিদ্ধান্ত হয়। জানা যায়, প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনীর সবগুলো পরীক্ষা সকাল ১১টায় শুরু হয়ে চলবে দুপুর দেড়টা পর্যন্ত। বিশেষ চাহিদা সম্পন্ন পরীক্ষার্থীদের জন্য আগের বছরের মতো পরীক্ষার সময় ২০ মিনিট অতিরিক্ত সময় ধার্য করা হয়েছে। পরীক্ষার ফিও আগের মতোই ৬০ টাকা থাকছে।

পরীক্ষার সময়সূচি: প্রাথমিক সমাপনীতে ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২৫ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৬ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা ও ২৯ নভেম্বর গণিত পরীক্ষা হবে।

ইবতেদায়ী সমাপনীতে ২২ নভেম্বর ইংরেজি, ২৩ নভেম্বর বাংলা, ২৪ নভেম্বর পরিবেশ পরিচিতি সমাজ ও পরিবেশ, পরিচিতি বিজ্ঞান, ২৫ নভেম্বর আরবি, ২৬ নভেম্বর কুরআন ও তাজবীদ এবং আকাইদ ও ফিকহ ও ২৯ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।